

ব্রাহ্মণবাড়িয়ায় সম্পূর্ণ পরীক্ষা দিতে পারেননি ১২২ শিক্ষার্থী

■ নিজস্ব প্রতিবেদক, ব্রাহ্মণবাড়িয়া
ব্রাহ্মণবাড়িয়ায় ত্রুটিপূর্ণ প্রশ্নপত্রের
কারণে সম্পূর্ণ পরীক্ষা দিতে পারেননি
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে
হিসাববিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের
'রিসার্চ মেথোডোলজি'
বিষয়ের ১২২ পরীক্ষার্থী।
গতকাল বৃহস্পতি
ব্রাহ্মণবাড়িয়া সরকারি
মহিলা কলেজ কেন্দ্রের
১৬০ পরীক্ষার্থীর মধ্যে
১২২ জনকে অসম্পূর্ণ
পরীক্ষা দিতে হয়েছে। মোট ৮০
নম্বরের পরীক্ষার মধ্যে তাদের ৬০
নম্বরের পরীক্ষা দিতে হয়।

ওই পরীক্ষা কেন্দ্রে ব্রাহ্মণবাড়িয়া
সরকারি কলেজ এবং বিজয়নগরের
ইসলামপুর কাজী শফিকুল ইসলাম
বিশ্ববিদ্যালয় কলেজের হিসাববিজ্ঞান
বিভাগের ১৬০ পরীক্ষার্থী পরীক্ষা
দেন।

পরীক্ষায় অংশ নেওয়া
ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের
শিক্ষার্থী আশরাফুল ইসলাম ও
ইসলামপুর কাজী শফিকুল ইসলাম
বিশ্ববিদ্যালয় কলেজের জাহিদ খান ও
ইয়াকুব মিয়া বলেন, গতকাল সকালে
পরীক্ষা শুরু হওয়ার পর পরই
কেন্দ্রের ৩০১ ও ৩০২ নম্বর কক্ষের
১২২ পরীক্ষার্থী প্রশ্নপত্রে দেখতে পান
প্রশ্নের 'সি' পার্টে ৮টি প্রশ্নের হলে
৬টি প্রশ্ন ছাপা হয়েছে। অন্যদিকে,
একই কেন্দ্রের ৩০৩ নম্বর কক্ষের

ত্রুটিপূর্ণ প্রশ্নপত্র

৩৮ শিক্ষার্থীর প্রশ্নপত্রে ৮টি প্রশ্নই
ছাপা হয়েছে। ওই ৮টি প্রশ্ন থেকে
শিক্ষার্থীদের ৫টি প্রশ্নের উত্তর
দেওয়ার কথা থাকলেও ১২২
শিক্ষার্থীর প্রশ্নপত্রে মাত্র ৬টি প্রশ্ন
থাকায় তারা এই সুযোগ
থেকে বঞ্চিত হয়েছেন।
শিক্ষার্থীরা তাত্ক্ষণিক
বিষয়টি ওই পরীক্ষা
কেন্দ্রের আহ্বায়ক
প্রভাষক ড. আবদুল
লতিফকে অবহিত

করলেও তিনি বিষয়টি সুরাহা করতে
পারেননি। পরে ১২২ শিক্ষার্থী
কেন্দ্রের সামনে অবস্থান নিয়ে
বিক্ষোভ প্রদর্শন করেন।

শিক্ষার্থীরা এ ব্যাপারে জাতীয়
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে দায়ী করে
প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি
জানান। পরীক্ষা কেন্দ্রের আহ্বায়ক
ড. আবদুল লতিফ জানান, প্রশ্নপত্র
ভুলের জন্য অবশ্যই জাতীয়
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী। এ
ব্যাপারটি তিনি বিশ্ববিদ্যালয়
কর্তৃপক্ষকে অবগত করবেন।

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ
শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক
হামজা মাহমুদ জানান, ইতিমধ্যে
বিষয়টি জাতীয় বিশ্ববিদ্যালয়ের
পরীক্ষা নিয়ন্ত্রককে জানানো হয়েছে।
তিনি ক্ষতিগ্রস্ত পরীক্ষার্থীদের
খাতাগুলো আলাদা করে রাখার
নির্দেশ দিয়েছেন।